



মিরপুরে পোশাক কারখানা-কেমিক্যাল গোড়াউনে ভয়াবহ অগ্নিকাণ্ড



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুরের রূপনগরে একটি পোশাক কারখানা ও কসমিক ফার্মা নামের কেমিক্যাল গোড়াউনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের একাধিক ইউনিট। এখনো কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি।

মঙ্গলবার (১৪ অক্টোবর) সকাল ১১টা ৪০ মিনিটের দিকে রাজধানীর মিরপুরের রূপনগর এলাকায় একটি পোশাক কারখানা ও কসমিক ফার্মা নামের কেমিক্যাল গোড়াউনে ভয়াবহ আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে আরও তিনটি ইউনিট সেখানে যোগ দেয়।

ফায়ার সার্ভিসের মিডিয়া সেল জানায়, ১১টা ৪০ মিনিটে আগুন লাগার খবর পেয়ে ১১টা ৫৬ মিনিটে প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছায়। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি।

এ ঘটনায় কেউ হতাহত হয়েছেন কি না, তা নিশ্চিত করতে পারেনি ফায়ার সার্ভিস। আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের সদস্যরা টানা কাজ চালিয়ে যাচ্ছেন।

